সেনাবাহিনী সদর দপ্তর
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা
ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ
ঢাকা সেনানিবাস, ঢাকা

**বিজ্ঞাপন**

নথি নং-২৩.০১.৯০১.০৩৬.০২.০৯৯.০১.২৪.১০.২১

তারিখ : ২৪ অক্টোবর ২০২১

# প্রভাষক/হিসাবরক্ষণ কর্মকর্তা পদে নিয়োগ পরীক্ষা - বাংলাদেশ ক্যাডেট কলেজেস

১। বাংলাদেশ ক্যাডেট কলেজসমূহে বিদ্যমান শূন্য পদসমূহে প্রতিযোগিতামূলক প্রভাষক/হিসাবরক্ষণ কর্মকর্তা পদে লিখিত পরীক্ষার মাধ্যমে পূরণের নিমিত্তে প্রভাষক/হিসাবরক্ষণ কর্মকর্তা হিসেবে যোগদানের জন্য আগ্রহী, মেধাবী, পরিশ্রমী এবং উদ্যমী বাংলাদেশী নাগরিক প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা হলোঃ

| ক্র/নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | বেতন স্কেল |
|---|---|---|---|---|
| ১। | প্রভাষক (গণিত) | ০৪ | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ১ম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী বা সিজিপিএ ৩.০ (স্কেল-৪.০) অথবা দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী বা সিজিপিএ-২.৫ (স্কেল-৪.০) অথবা ০৪ (চার) বছর মেয়াদের দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী বা সিজিপিএ-২.৫ (স্কেল-৪.০)।<br><br>ইংরেজী ভাষায় কথোপকথনে সাবলীলতা থাকতে হবে। | জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড অনুযায়ী টাকা ২২,০০০-৫৩,০৬০/- |
| ২। | প্রভাষক (ইংরেজি) | ০১ | | |
| ৩। | প্রভাষক (রসায়ন) | ০১ | | |
| ৪। | প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) | ০২ | | |
| ৫। | প্রভাষক (কম্পিউটার) | ০২ | | |
| ৬। | প্রভাষক (ভূগোল) | ০১ | | |
| ৭। | প্রভাষক (পদার্থ বিজ্ঞান) | ০১ | | |
| ৮। | প্রভাষক (পরিসংখ্যান) | ০১ | | |
| ৯। | প্রভাষক (ইসলাম শিক্ষা) | ০১ | | |
| ১০। | প্রভাষক (চারু ও কারু) | ০১ | | |
| ১১। | প্রভাষক (প্রাণিবিদ্যা) | ০১ | | |
| ১২। | প্রভাষক (অর্থনীতি) | ০১ | | |
| ১৩। | হিসাবরক্ষণ কর্মকর্তা | ০৩ | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে এম.কম অথবা বাণিজ্য বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণির বি.কম (সম্মান) ডিগ্রী। স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে চার্টার্ড একাউন্টস (সিএ) বা ইনস্টিটিউট অব কষ্ট এ্যান্ড ম্যানেজমেন্ট একাউন্টস (আইসিএমএ) কোর্স উত্তীর্ণ প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে। কম্পিউটার পরিচলানায় পারদর্শিতা থাকতে হবে। | জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড অনুযায়ী টাকা ২২,০০০-৫৩,০৬০/- |

২। **লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান।**

ক। তারিখ : ২৬ নভেম্বর ২০২১।
খ। সময় : সকাল ০৯৩০-১২০০ ঘটিকা পর্যন্ত।
গ। স্থান : নির্ঝর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, ঢাকা সেনানিবাস।

৩। **আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ :** আগামী ২৭ অক্টোবর ২০২১ তারিখ হতে ১৬ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত ক্যাডেট কলেজসমূহে প্রভাষক/হিসাবরক্ষণ কর্মকর্তা পদে নিয়োগের আবেদনপত্র পূরণ, পরীক্ষার ফি জমাদান কার্যক্রম চলমান থাকবে।

৪। **বয়সসীমা :** ২৫ মার্চ ২০২০ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর (মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর)। প্রার্থীর বয়স কম বা বেশী হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, বয়স প্রমাণের জন্য কোন ধরনের এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫। **জাতীয়তা :**

ক। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
খ। সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোনো প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হয়ে থাকলে তিনি পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবেন।

৬। **বিশেষ যোগ্যতা:**

ক। লিঙ্গ নির্বিশেষে বাংলাদেশের যে কোন ব্যক্তি প্রভাষক/হিসাবরক্ষণ কর্মকর্তা পদে পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলে গণ্য হবেন।
খ। প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকরিরত প্রার্থীগণের মধ্যে যাদের পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা রয়েছে তারা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত হলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৭। **আবেদনের পদ্ধতি :** অনুচ্ছেদ ১ এ বর্ণিত যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদের ওয়েবসাইট (www.cadetcollege.army.mil.bd) হতে APPLICATION FOR LECTURER/ACCOUNTS OFFICER IN CADET COLLEGE পিডিএফ ডকুমেন্ট ডাউনলোড করতঃ আগামী ১৬ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে নিম্নবর্ণিত ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে ঃ

সভাপতি, ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ
এবং
এ্যাডজুটেন্ট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী
সেনাসদর, এজি শাখা (সমন্বয়), ঢাকা সেনানিবাস

৮। **প্রত্যয়নপত্র :** প্রার্থীকে আবেদনপত্রের সাথে একটি প্রত্যয়নপত্র সংযুক্ত করতঃ এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদপত্রে প্রদত্ত সকল তথ্যাদি সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা অন্য কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং নিয়োগ পর্ষদ কর্তৃক গৃহীতব্য নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৯। **পরীক্ষার ফি প্রদান :** যে কোন ব্যাংক হতে সভাপতি, ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ' এর বরাবরে ট্রাস্ট ব্যাংক লিমিটেড, প্রিন্সিপাল শাখা, ঢাকা সেনানিবাস শাখার অনুকূলে ৫০০.০০ (পাঁচশত মাত্র) টাকার একটি ব্যাংক ড্রাফট।

১০। **ছবি :** সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজ এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি।

১১। **প্রবেশপত্র :** লিখিত পরীক্ষার জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে না। তবে আগামী ২২ নভেম্বর ২০২১ তারিখে লিখিত পরীক্ষায় অংশগ্রহণে যোগ্য প্রার্থীদের নাম ও রোল নম্বর অত্র দপ্তরের নিজস্ব ওয়েবসাইটে www.cadetcollege.army.mil.bd এবং নির্ঝর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, ঢাকা সেনানিবাসের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

১২। **আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :**

ক। সকল প্রকার শিক্ষাগত এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
খ। চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের নিকট হতে নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
গ। ১ম শ্রেণির গেজেটেড অফিসারের নিকট হতে চারিত্রিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
ঘ। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
ঙ। দরখাস্ত প্রেরণের সময় খামের উপরে অবশ্যই পদের নাম ও বিষয় উল্লেখ করতে হবে।
চ। আবেদনপত্র প্রেরণের সময় অবশ্যই ৫০০.০০ (পাঁচশত মাত্র) টাকার একটি ব্যাংক ড্রাফট এর মূলকপি প্রেরণ করতে হবে।
ছ। মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা, পুত্র/কন্যাদের, পুত্র/কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীদের পিতা/পিতামহের/মাতা/মাতামহের মুক্তিযোদ্ধার সনদ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর চেয়ারম্যান/নোটারী পাবলিক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

১৩। **লিখিত পরীক্ষার নম্বর ও তারিখ।** ১০০ নম্বরের লিখিত পরীক্ষা (ইংরেজী-৩৫ এবং সংশ্লিষ্ট বিষয়ের-৬৫ নম্বর) আগামী ২৬ নভেম্বর ২০২১ তারিখ সকাল ০৯৩০-১২০০ ঘটিকা পর্যন্ত নির্ঝর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে।

১৪। **মৌখিক ও স্বাস্থ্য পরীক্ষা।** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ সকল প্রার্থীদের মৌখিক ও স্বাস্থ্য পরীক্ষার জন্য ভাইভা/মেডিকেল বোর্ডের সম্মুখে হাজির হতে হবে এবং মৌখিক ও স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১৫। **লিখিত পরীক্ষায় উত্তরদানের ভাষা।** সংশ্লিষ্ট বিষয়ের প্রশ্নোত্তর বাংলা ও ইংরেজী উভয় ভাষাতে লিখিত পরীক্ষার উত্তর প্রদান করা যাবে। একটি বিষয়ের উত্তরে একাধিক ভাষা ব্যবহার না করাই শ্রেয়। তবে কোন বিষয়ের প্রশ্নপত্রে অন্য কোনোরূপ নির্দেশনা থাকলে উক্ত বিষয়ের ক্ষেত্রে ঐ নির্দেশনা অনুযায়ী প্রশ্নোত্তর লিখতে হবে।

১৬। **পরীক্ষার কেন্দ্র।** নির্ঝর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, ঢাকা সেনানিবাস।

১৭। **পরীক্ষায় অসদুপায় অবলম্বনের শাস্তি।** কোন প্রার্থী পরীক্ষার কক্ষে অসদুপায় অবলম্বন করলে নিয়োগ বোর্ড কর্তৃক তার লিখিত পরীক্ষা বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮। **চাকুরী সংক্রান্ত আনুষঙ্গিক তথ্যাদি।**

ক। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ১ম শ্রেণির কর্মকর্তা হিসেবে যোগদান।
খ। প্রভাষক পদে যোগদানের পর পর্যায়ক্রমে সহকারী অধ্যাপক এবং সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির সুযোগ।
গ। সরকার কর্তৃক অনুমোদিত বেতন, ভাতাদি, পেনশন ও ভবিষ্য তহবিল সুবিধা।
ঘ। হাউস টিউটর হিসেবে দায়িত্ব পালনের জন্য মূল বেতনের ২০% অতিরিক্ত ভাতা।
ঙ। চাকুরীরত অবস্থায় সম্মিলিত সামরিক হাসপাতালে (CMH) বিনামূল্যে নিজ ও পরিবারের সদস্যদের চিকিৎসা সুবিধা।
চ। চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করলে পরিবার নিরাপত্তা প্রকল্পের আওতায় এককালীন ৫,০০,০০০/- টাকা প্রদান।
ছ। চাকুরীরত অবস্থায় জটিল রোগের (যেমন-ক্যান্সার, ব্রেইন টিউমার, হৃদরোগ ইত্যাদি) ব্যয়বহুল চিকিৎসার জন্য রোগ বিশেষে **"পরিবার নিরাপত্তা প্রকল্প তহবিলের"** আওতায় বিভিন্ন অংকের আর্থিক সহায়তা প্রদান।
জ। ক্যাডেট কলেজের ভর্তি পরীক্ষায় বিশেষ কোটায় নির্বাচিত হওয়া সাপেক্ষে এক সন্তানের জন্য বিনা বেতনে এবং দ্বিতীয় সন্তানের জন্য অর্ধ বেতনে ক্যাডেট কলেজে অধ্যয়নের সুযোগ প্রদান।
ঝ। স্বল্পমূল্যে মানসম্মত আবাসিক প্লট প্রাপ্তির সম্ভাবনা।
ঞ। স্বল্পমূল্যে রেশন এবং বাৎসরিক পোশাক ভাতা প্রাপ্তির সুবিধা।
ট। স্বল্পমূল্যে বিভিন্ন সহায়ক সার্ভিস (যেমন-ধুপী, নাপিত, টেইলারিং, বেকারী, পোল্ট্রি ফার্ম, কৃষি প্রকল্প, মৎস্য প্রকল্পের পণ্য ইত্যাদি) সুবিধা।
ঠ। ক্যাডেট কলেজসমূহের অভ্যন্তরে অবস্থিত ক্লাব ও বিনোদনের সুবিধা।
ড। ক্যাডেট কলেজ চাকরি হতে অবসর গ্রহণের পর কুর্মিটোলা জেনারেল হাসপাতালে চিকিৎসা সুবিধা।
ঢ। দেশের অভ্যন্তরে বিভিন্ন প্রতিষ্ঠানে (বিইউপি, ব্রিটিশ কাউন্সিল, এনসিটিবি এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়) উন্নতমানের প্রশিক্ষণের সুবিধা।
ণ। বিদেশে উচ্চতর শিক্ষা এবং প্রশিক্ষণে (ভিয়েতনাম, চায়না, লন্ডন এবং ভারতসহ বিভিন্ন দেশে) অংশগ্রহণের সুবিধা।
ত। ক্যাডেটদের সাথে দেশে এবং বিদেশে বিভিন্ন দর্শনীয় স্থানে শিক্ষা সফরে গমনের সুবিধা।

আইএসপিআর/সেনা/৬৬৬
২৫/১০/২০২১

**এ্যাসিস্ট্যান্ট এ্যাডজুটেন্ট জেনারেল (ক্যাডেট কলেজেস)**
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা
ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ
সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস
www.cadetcollege.army.mil.bd

ডিজি-২১৩৩/২১ (১৫"×৪)